গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর
ই-২৪, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bmd.gov.bd

নম্বর: ২৩.০৯.২৬৮০.১৭২.৪৩.০০১.২৫.১০৭০

তারিখ: ২০ বৈশাখ ১৪৩৩
০৩ মে ২০২৬

**বিষয়: মে ২০২৬ এর দীর্ঘমেয়াদি আবহাওয়ার পূর্বাভাস।**

দীর্ঘমেয়াদি আবহাওয়ার পূর্বাভাস প্রদানের নিমিত্ত বিশেষজ্ঞ কমিটির নিয়মিত সভা ০৩ মে ২০২৬ সকাল ১০.০০ ঘটিকায় ঝড় সতর্কীকরণ কেন্দ্র, ঢাকায় অনুষ্ঠিত হয়। উক্ত সভায় এপ্রিল ২০২৬ খ্রিঃ মাসের আবহাওয়ার বিভিন্ন তথ্য ও উপাত্ত পর্যালোচিত হয়। পর্যালোচনাকালে পরিলক্ষিত হয় যে, এপ্রিল ২০২৬ মাসে বাংলাদেশে গড় বৃষ্টিপাতের পরিমাণ ও দিন সংখ্যা নিম্নরূপ ছিল:

| বিভাগ/দেশ | স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:) | রেকর্ডকৃত গড় বৃষ্টিপাত (মি:মি:) | বৃষ্টিপাতের পরিমানের বিচ্যুতি (%) | স্বাভাবিক বৃষ্টিপাতের দিন সংখ্যা | রেকর্ডকৃত বৃষ্টিপাতের দিন সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ঢাকা | ১১৯ | ২১৩ | +৭৯.৮% | ০৮ | ১১ |
| ময়মনসিংহ | ১৬৫ | ৪১৫ | +১৫০.৯% | ০৮ | ১৫ |
| চট্টগ্রাম | ১২০ | ১৬৪ | +৩৬.৫% | ০৭ | ৮ |
| সিলেট | ২৯৫ | ৬০৩ | +১০৪.৪% | ১৩ | ২৩ |
| রাজশাহী | ৭৯ | ৭৮ | -০.৫% | ০৬ | ৭ |
| রংপুর | ১০৯ | ২০৫ | +৮৭.১% | ০৬ | ১০ |
| খুলনা | ৬৫ | ১১০ | +৬৯.৩% | ০৫ | ৯ |
| বরিশাল | ৯৩ | ২৫০ | +১৬৯.৫ | ০৭ | ৮ |
| সারাদেশ | ১১৯ | ১৯৬ | +৭৫.৭ | ০৮ | ১১ |

এপ্রিল ২০২৬ মাসে সারাদেশে স্বাভাবিক অপেক্ষা বেশি (+৭৫.৭%) বৃষ্টিপাত রেকর্ড করা হয়। রাজশাহী বিভাগে স্বাভাবিক বৃষ্টিপাত এবং বাকী বিভাগসমূহে স্বাভাবিক অপেক্ষা বেশি বৃষ্টিপাত রেকর্ড করা হয়। পশ্চিমা লঘুচাপের সাথে পূবালী বায়ুপ্রবাহের সংযোগ ঘটায় ৬-৯ ও ২৬-৩০ এপ্রিল ২০২৬ সময়ে দেশের অধিকাংশ স্থানে মাঝারী ধরণের ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাত এবং মাসের অধিকাংশ দিন দেশের অনেক স্থানে হালকা থেকে মাঝারি ধরণের ভারী বৃষ্টিপাত রেকর্ড করা হয়। সেই সাথে বজ্রপাত ও বিক্ষিপ্তভাবে শিলাবৃষ্টিসহ দমকা ও ঝড়ো হাওয়া বয়ে যায়। এ সময় সর্বোচ্চ বৃষ্টিপাত ১৬০ মি.মি. কিশোরগঞ্জ জেলার নিকলিতে রেকর্ড (২৮ এপ্রিল ২০২৬) করা হয়। ভারতের পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন বাংলাদেশের পশ্চিমাঞ্চলীয় এলাকায় তাপীয় লঘুচাপ অবস্থান করায় দেশের অনেক অঞ্চলের উপর দিয়ে ০১-০৪, ১২-১৫, ১৭-১৯ ও ২০-২৬ এপ্রিল ২০২৬ পর্যন্ত মৃদু থেকে মাঝারি ধরণের তাপপ্রবাহ বয়ে যায়। এপ্রিল মাসে দেশের সর্বোচ্চ তাপমাত্রা ৪০°সে. (রাজশাহী, ২২ এপ্রিল ২০২৬) এবং সর্বনিম্ন তাপমাত্রা ১৬.০°সে. (রাঙ্গামাটি ১০ এপ্রিল ২০২৬) রেকর্ড করা হয়। এ মাসে দেশের সর্বোচ্চ ও গড় তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা যথাক্রমে ০.৬°সে. ও ০.১°সে. কম এবং সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা ০.৪°সে. বেশি ছিল। তাপমাত্রা, তাপপ্রবাহ, কালবৈশাখি/বজ্রঝড়, কৃষি আবহাওয়া এবং দেশের নদ-নদীর অবস্থা এপ্রিল ২০২৬ মাসের পূর্বাভাসের সাথে সংগতিপূর্ণ ছিল।

বিশ্ব আবহাওয়া সংস্থা অনুমোদিত Global Producing Centre (GPCs), ECMWF, JMA, NOAA, IRI-Columbia University, APEC Climate Centre (APCC), RIMES এবং C3S থেকে প্রাপ্ত মডেল পূর্বাভাস, আবহাওয়া উপাত্ত, উর্ধ্বাকাশের আবহাওয়া বিন্যাস, বায়ুমন্ডলের বিভিন্ন স্তরের বিশ্লেষিত আবহাওয়া মানচিত্র, জলবায়ু মডেল, SOI (এল-নিনো/লা-নিনা'র অবস্থা) ইত্যাদির যথাযথ বিশ্লেষণ পূর্বক কমিটি কর্তৃক মে ২০২৬ এর পূর্বাভাস নিম্নে প্রদত্ত হলো:

| বিভাগ | স্বাভাবিক বৃষ্টিপাত (মিঃমিঃ) | পূর্বাভাস বৃষ্টিপাতের পরিমাণ (মিঃমিঃ) | স্বাভাবিক বৃষ্টিপাতের দিন সংখ্যা | পূর্বাভাস বৃষ্টিপাতের দিন সংখ্যা | মে ২০২৬ মাসে মাটির আর্দ্রতা (%) |
|---|---|---|---|---|---|
| ঢাকা | ২৬০ | ২৫০-২৭০ | ১৮ | ১৬-১৯ | ১৮-২৮ |
| ময়মনসিংহ | ৩৫০ | ৩৪০-৩৬০ | ২০ | ১৮-২১ | ২০-৩০ |
| চট্টগ্রাম | ৩৪১ | ৩৩০-৩৫০ | ১৭ | ১৫-১৮ | ১৮-২৮ |
| সিলেট | ৫২৯ | ৫২০-৫৪০ | ২৪ | ২২-২৫ | ২২-৩২ |
| রাজশাহী | ১৮৫ | ১৭০-১৯০ | ১৬ | ১৪-১৭ | ১৩-২৩ |
| রংপুর | ২৬৮ | ২৬০-২৮০ | ১৭ | ১৫-১৮ | ১৫-২৫ |
| খুলনা | ১৭৬ | ১৬০-১৮০ | ১৫ | ১৪-১৬ | ১৩-২৩ |
| বরিশাল | ২৩৫ | ২২০-২৫০ | ১৭ | ১৫-১৮ | ১৫-২৫ |

১. **বৃষ্টিপাত:** মে ২০২৬ মাসে দেশে স্বাভাবিক বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।

২. **ঘূর্ণিঝড়:** বঙ্গোপসাগরে ১-২ টি লঘুচাপ সৃষ্টি হতে পারে যার মধ্যে ১টি নিম্নচাপ/ঘূর্ণিঝড়ে রূপ নিতে পারে।

৩. **কালবৈশাখি/বজ্রঝড়:** দেশে বিক্ষিপ্তভাবে শিলাসহ ৫-৮ দিন হালকা/মাঝারি যার মধ্যে ২-৩ দিন তীব্র কালবৈশাখি ঝড়সহ বৃষ্টি /বজ্রসহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।

৪. **তাপমাত্রা:** এ মাসে দিন এবং রাতের তাপমাত্রা স্বাভাবিক থাকতে পারে।

৫. **তাপপ্রবাহ:** এ মাসে দেশে ১-৩ টি মৃদু (৩৬-৩৭.৯°সে.)/মাঝারি (৩৮-৩৯.৯°সে.) যার মধ্যে ১টি তীব্র (৪০ -৪১.৯°সে.) তাপ প্রবাহ বয়ে যেতে পারে।

৬. **নদ-নদীর অবস্থা:** মে মাসে দেশের প্রধান নদ-নদীসমূহে স্বাভাবিক প্রবাহ বিরাজমান থাকতে পারে। তবে বিচ্ছিন্ন ভারি বৃষ্টিপাতের প্রেক্ষিতে দেশের উত্তরাঞ্চল, উত্তর-পূর্বাঞ্চল ও দক্ষিণ-পূর্বাঞ্চলের নদী সমূহের পানি সমতল সময় বিশেষে বৃদ্ধি পেতে পারে।

৭. **কৃষি আবহাওয়া:** মে মাসে দেশের দৈনিক গড় বাষ্পীভবন ৩.৫-৫.৫ মি:মি: এবং গড় সূর্য কিরণকাল ৫.৫-৭.৫ ঘন্টা থাকতে পারে।

০৬/০৫/২৬

(মোঃ মমিনুল ইসলাম)
পরিচালক (চলতি দায়িত্ব)
ও
চেয়ারম্যান, বিশেষজ্ঞ কমিটি

মাননীয় মন্ত্রী
কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
ইমেইল: minister@moa.gov.bd

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মাননীয় মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, info@modmr.gov.bd
২. মন্ত্রী পরিষদ সচিব, মন্ত্রী পরিষদ বিভাগ, cab_secy@cabinet.gov.bd
৩. মুখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, psecy@pmo.gov.bd
৪. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, secretary@mopa.gov.bd
৫. সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, secretary@mowr.gov.bd
৬. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, secy@mincom.gov.bd
৭. সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, secretary@mod.gov.bd
৮. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, secretary@modmr.gov.bd
৯. সচিব, কৃষি মন্ত্রণালয়, secretary@moa.gov.bd
১০. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, secretary@mofood.gov.bd